গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০৮.২২-৩৯২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

## আদেশ

জনাব মোঃ ফারুক আহম্মদ, হিসাব সহকারী (অপসারণকৃত), পরিবহন বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এ কর্মরত থাকাকালে একই বিভাগের গাড়ি চালক (ভারী) জনাব মো: ইরান মিয়ার অনুকূলে বরাদ্দকৃত ঢাকা মেট্রো-শ-১১-১২৪৪ নং গাড়িটি অবৈধ ও নিয়মবর্হির্ভূতভাবে তিনি বহিরাগত জনাব মোঃ হারুন মিয়াকে মৌখিকভাবে চালনার দায়িত্ব প্রদান করেন। বহিরাগত জনাব মো: হারুন মিয়া গাড়িটি নিজে না চালিয়ে অপর বহিরাগত জনৈক জনাব রাসেল মিয়াকে চালানোর দায়িত্ব প্রদান করেন। অবৈধভাবে গাড়ি চালনাকারী জনাব রাসেল মিয়া গত ২৪ নভেম্বর ২০২১ তারিখে বেপরোয়াভাবে গাড়ি চালনাকালে দুর্ঘটনাবশত: নটরডেম কলেজের ছাত্র নাঈম হাসানকে মারাত্মকভাবে আহত করেন। আহত নাঈম হাসানকে স্থানীয় পথচারী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তিনি পরিবহন বিভাগে দায়িত্বে থাকাকালীন নিয়মিত গাড়িচালক কর্তৃক গাড়ি না চালিয়ে অন্য কোন সাধারণ গাড়িচালক কর্তৃক ভারী গাড়ি চালানোর ফলে প্রায়শই: দুর্ঘটনা সংঘটিত হয় এবং প্রাণহানিসহ জানমালের ক্ষতিসাধিত হয়। তার এহেন এখতিয়ারবহির্ভূত কার্যকলাপ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের শৃঙ্খলা পরিপন্থি ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সুনাম চরমভাবে ক্ষুন্ন হওয়ায় 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১৯'-এর বিধি ৬৪(২) অনুযায়ী কর্পোরেশনের স্বার্থ রক্ষার্থে এবং জনস্বার্থে উক্ত সিটি কর্পোরেশনের গত ০৮ ডিসেম্বর ২০২১ তারিখের ৪৬.২০৭.০১১.০৩.০২.৪৪৭৪. ১৯৯৬-৮৬৪ নং অফিস আদেশমূলে তাকে চাকুরি হতে অপসারণ করা হয়। উক্ত অপসারণ আদেশের বিরুদ্ধে জনাব মোঃ ফারুক আহম্মদ, হিসাব সহকারী (অপসারণকৃত) গত ২০/০২/২০২২ তারিখে এ বিভাগের সিনিয়র সচিব বরাবর আপীল আবেদন দাখিল করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে আপীল মামলাটি রুজু করা হয়।

জনাব মোঃ ফারুক আহম্মদ, হিসাব সহকারী (অপসারণকৃত), পরিবহন বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত আবেদন ও সংযুক্ত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। এছাড়া, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পক্ষে জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত বক্তব্য আমলে নেয়া হয়।

আপীলকারী কর্তৃক দাখিলকৃত বক্তব্য/লিখিত বক্তব্য, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত বক্তব্য ও দফাওয়ারী জবাব পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ ফারুক আহম্মদ, হিসাব সহকারী (অপসারণকৃত) পরিবহন বিভাগে থাকাকালীন সময়ে একই বিভাগের গাড়ি চালক (ভারী) জনাব মো: ইরান মিয়ার অনুকূলে বরাদ্দকৃত ঢাকা মেট্রো-শ-১১-১২৪৪ নং গাড়িটি অবৈধ ও নিয়মবর্হির্ভূতভাবে তিনি বহিরাগত জনাব মোঃ হারুন মিয়াকে মৌখিকভাবে চালনার দায়িত্ব প্রদান করেন। বহিরাগত জনাব মোঃ হারুন মিয়া গাড়িটি নিজে না চালিয়ে অপর বহিরাগত জনৈক রাসেল মিয়াকে চালানোর দায়িত্ব প্রদান করেন। অবৈধভাবে গাড়ি চালনাকারী জনাব রাসেল মিয়া গত ২৪.১১.২০২১ তারিখে বেপরোয়াভাবে গাড়ি চালনাকালে দুর্ঘটনাবশত: নটরডেম কলেজের ছাত্র নাঈম হাসানকে মারাত্মকভাবে আহত করেন। আহত নাঈম হাসান-কে স্থানীয় পথচারী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। একইভাবে তিনি চালকদের অনুকূলে বরাদ্দকৃত কিছু সংখ্যক গাড়ি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের গাড়ি চালক নন এমন বহিরাগত ব্যক্তিগণকে গাড়ি চালানোর দায়িত্ব প্রদান করেন। উক্ত সিটি

কর্পোরেশনের গাড়ি চালক কর্তৃক গাড়ি না চালিয়ে বহিরাগত অন্য কোন সাধারণ গাড়ি চালক কর্তৃক ভারী গাড়ি চালানোর দায়িত্ব প্রদান করায় প্রায়শই দুর্ঘটনা সংঘটিত হওয়াসহ প্রাণহানি ও জানমালের ক্ষতি সাধিত হয়। তার এহেন এখতিয়ার বহির্ভূত কার্যকলাপ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের শৃঙ্খলা পরিপন্থী এবং এ কারণে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সুনাম চরমভাবে ক্ষুণ্ন হয়েছে। তাই এ বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের গত ০৮/১২/২০২১ তারিখের ৪৬.২০৭.০১১.০৩.০২.৪৪৭৪.১৯৯৬-৮৬৪ নং অফিস আদেশ মূলে জারিকৃত আদেশ/সিদ্ধান্ত যথার্থ ও যৌক্তিক এবং আরোপিত দন্ড পর্যাপ্ত মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ ফারুক আহম্মদ, হিসাব সহকারী (অপসারণকৃত), পরিবহন বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক এ বিভাগে দায়েরকৃত আপীল আবেদনটি 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯'-এর বিধি ৫৮(৩) অনুযায়ী খারিজ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০/৪/২০২৩

(মুহম্মদ ইব্রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০৮.২২-৩৭২/১(৮)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৩। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব মোঃ ফারুক আহম্মদ, হিসাব সহকারী (অপসারণকৃত), পরিবহন বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮। অফিস কপি।

১০/০৪/২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd